


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.২৪-৫৫

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩০
৩১ মার্চ, ২০২৪

**বিজ্ঞপ্তি নম্বর (১৭-২৭)/২০২৪ (উচ্চতর বেতন স্কেল)**

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা নিম্নলিখিত উচ্চতর বেতন স্কেলের পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন :

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: ০১.০৩.২০২৪ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১৭ ইউনিট-৬ **পুন:বিজ্ঞপ্তি** | **সিনিয়র কনসালটেন্ট [এনেস্থেশিয়া]** [গ্রেড-৫] ০২ [দুই] টি অস্থায়ী পদ। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন পুলিশ হাসপাতাল সমূহ। | টাকা-৪৩০০০-৬৯৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি বা বিডিএস ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস বা এমফিল বা এমসিপিএস বা এমআরসিপি বা এমআরসিএস বা এমআরসিওজি বা এমডি বা এমএস বা ডিপ্লোমা বা বিএমডিসি কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি।<br>খ. বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। | অন্যূন ০৭ [সাত] বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। | ৩৯১<br>৩৯২<br>৩৯৩ | অনূর্ধ্ব ৪৫ বছর। |

ক্রমশ/০২

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: ০১.০৩.২০২৪ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১৮ ইউনিট-৫ | **সিস্টেম এনালিস্ট** [গ্রেড-৫] ০১ [এক]টি অস্থায়ী পদ। | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর। | টাকা-৪৩০০০-৬৯৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক [সম্মান] বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসেবে অন্যূন ০৩ (তিন) বছরের চাকরি;<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৪০ বছর। |
| ক্রমিক নম্বর-১৯ ইউনিট-৭ | **সিস্টেম এনালিস্ট** [গ্রেড-৫] ০১ [এক]টি অস্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। | টাকা-৪৩০০০-৬৯৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক [সম্মান] বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসেবে অন্যূন ০৩ (তিন) বছরের চাকরি;<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৪০ বছর। |
| ক্রমিক নম্বর-২০ ইউনিট-৬ **পুন:বিজ্ঞপ্তি** | **জুনিয়র কনসালটেন্ট [সাইকিয়াট্রি]** [গ্রেড-৬] ০১[এক] টি অস্থায়ী পদ। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন পুলিশ হাসপাতাল সমূহ। | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি বা বিডিএস ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস বা এমফিল বা এমসিপিএস বা এমআরসিপি বা এমআরসিএস বা এমআরসিওজি বা এমডি বা এমএস বা ডিপ্লোমা বা বিএমডিসি কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি।<br>খ. বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। | অন্যূন ০৪ [চার] বছরের চাকরির অভিজ্ঞতা। | ৩৯১<br>৩৯২<br>৩৯৩ | অনূর্ধ্ব ৪০ বছর। |
| ক্রমিক নম্বর-২১ ইউনিট-২ | **রক্ষণাবেক্ষণ প্রকৌশলী** [গ্রেড-৬] ০১ [এক] টি স্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | টাকা- ৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক [সম্মান] বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার/ সিনিয়র কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ০৪ (চার) বছরের চাকুরি;<br>এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৩৫ বছর। |

ক্রমশ/০৩

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: ০১.০৩.২০২৪ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-২২ ইউনিট-৭ | **প্রোগ্রামার** [গ্রেড-৬] ০১ [এক] টি অস্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। | টাকা- ৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বছরের চাকরি; এবং (খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>১৩২<br>৩০৬<br>৩২৪ | ৩৫ বছর। |
| ক্রমিক নম্বর-২৩ ইউনিট-১০ | **প্রোগ্রামার** [গ্রেড-৬] ০১ [এক] টি স্থায়ী পদ। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন বিসিএস প্রশাসন একাডেমী। | টাকা- ৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বছরের চাকরি; এবং (খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>১৩২<br>৩০৬<br>৩২৪ | ৩৫ বছর। |
| ক্রমিক নম্বর-২৪ ইউনিট-৪ | **সহকারী সিস্টেম এনালিস্ট** [গ্রেড-৬] ০২ [দুই] টি অস্থায়ী পদ। | ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর। | টাকা- ৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বছরের চাকরি; এবং (খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>১৩২<br>৩০৬<br>৩২৪ | ৩৫ বছর। |
| ক্রমিক নম্বর-২৫ ইউনিট-৫ | **প্রোগ্রামার** [গ্রেড-৬] ০১ [এক] টি অস্থায়ী পদ। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর। | টাকা- ৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বছরের চাকরি; এবং (খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>১৩২<br>৩০৬<br>৩২৪ | ৩৫ বছর। |

ক্রমশ/০৪

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: ০১.০৩.২০২৪ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-২৬ ইউনিট-৭ | **সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার** [গ্রেড-৭] ১৫ [পনেরো] টি স্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অধিদপ্তরাধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো | টাকা-২৯,০০০-৬৩,৪১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | (অ) সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(আ) স্বাস্থ্য শিক্ষায় এম,পি,এইচ বা ডি,পি,এইচ বা ডি,এইচ,ই ডিগ্রি। | - | ১৫৭<br>১৪৯<br>১৫৯<br>১১৮<br>১৪৮<br>১৫৬ | অনূর্ধ্ব ৩০ বছর। (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)। |
| ক্রমিক নম্বর-২৭ ইউনিট-১ | **সহকারী প্রকৌশলী** [গ্রেড-৮] ০১ [এক] টি স্থায়ী পদ। | খাদ্য মন্ত্রণালয়। | টাকা- ২৩,০০০-৫৫,৪৭০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>(২) এ,এম,আই,ই এর সেকশন "এ" ও "বি" পরীক্ষায় উত্তীর্ণ। | - | ৩০৩ | ৩০ বছর। |

## নির্দেশাবলি :

**শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

১. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় :**

১.১ প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ফরম-5A পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-Cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, SMS এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা অনুসরণ করবেন।

**১.২ অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০১.০৪.২০২৪ খ্রিঃ, দুপুর ১২.০০ মিনিট।**

**১.৩ অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ৩০.০৪.২০২৪ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০ মিনিট। এই তারিখের মধ্যে প্রার্থীর অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) স্বীকৃত জার্নালে প্রকাশিত প্রকাশনা বিবেচিত হবে। এই তারিখের মধ্যে অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে) না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।**

১.৪ কেবল User ID প্রাপ্ত **প্রার্থীগণ ৩০.০৪.২০২৪ তারিখ সন্ধ্যা ৬.০০ মিনিট হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ০৩.০৫.২০২৪ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট পর্যন্ত** SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

**১.৫ ফি জমাদানের পূর্ব পর্যন্ত আবেদনপত্রে সংশোধনের সুযোগ রয়েছে। প্রার্থীদের আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিতে হবে। ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোনো সংশোধনের সুযোগ থাকবে না।**

ক্রমশ/০৫

১.৬ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ১৭-২৭ এর নন-ক্যাডার পদগুলো উচ্চতর বেতন স্কেলের (৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম গ্রেড)। উচ্চতর বেতন স্কেলের পদে আবেদনকারী প্রার্থীদের শুধু ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে প্রার্থীর সংখ্যা বেশি হলে কমিশনের সিদ্ধান্তমতে বাছাই/লিখিত পরীক্ষা গ্রহণ করা হতে পারে। অনলাইনে রেজিস্ট্রেশনের পর প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের Web Address: www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে বিজ্ঞপ্তির নম্বর ১৭-২৭ এ আবেদনকারী প্রার্থীদের প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার/উচ্চতর শিক্ষাগত যোগ্যতার (ডিপ্লোমা/এমফিল/এমএস/এমডি ইত্যাদি) সনদ/ অভিজ্ঞতার সনদ/ প্রকাশনা/চাকুরি জীবনের অর্জিত পেশাগত কৃতিত্ব, সাফল্য বা ঔজ্জ্বল্যের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) আলোচ্য বিজ্ঞপ্তির ৯ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সংশ্লিষ্ট কাগজপত্র/তথ্যাদিসহ **আগামী ২৬.০৫.২০২৪ তারিখ থেকে ০৬.০৬.২০২৪ তারিখের মধ্যে** সকাল ৯.৩০ মিনিট থেকে বিকাল ৩.০০ মিনিট পর্যন্ত নিম্নে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ডাকযোগে প্রেরণ/হাতে হাতে জমা দিতে হবে :

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | যে ইউনিট বরাবর প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি জমাপ্রদান করতে হবে | জমাদানের ঠিকানা |
|---|---|---|
| ১৭, ২০ | ইউনিট-৬ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ |
| ১৮, ২৫ | ইউনিট-৫ | |
| ২১ | ইউনিট-২ | |
| ২৪ | ইউনিট-৪ | |
| ১৯, ২২, ২৬ | ইউনিট-৭ | |
| ২৭ | ইউনিট-১ | |
| ২৩ | ইউনিট-১০ | |

**১.৭ ৩০.০৪.২০২৪ তারিখের পর BPSC Form-5A (Applicant's Copy) তে কোনো ধরণের তথ্য সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।**

২. **০১.০৩.২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।**

৩. জাতীয়তা:

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩.২ যেসকল প্রার্থী কোনো অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সেসকল প্রার্থীরা সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর BPSC Form-5A এর সাথে অবশ্যই কমিশনে জমা দিতে হবে।

৪. **ডিক্লারেশন:**

**প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ প্রার্থীর বিরুদ্ধে যেকোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।**

৫. ছবি (Picture) : BPSC Form-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্যXপ্রস্থ) ৩০০X৩০০ pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ ১০০ KB এর বেশি নয় এরূপ মাপের সদ্য (দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. স্বাক্ষর **(Signature) :**

Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ক্রমশ /০৬

৭. **পরীক্ষার ফি প্রদান:**

অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে **পরীক্ষার ফি বাবদ প্রযোজ্য ৬০০/-(ছয়শত) টাকা জমা দিবেন।**

**প্রথম SMS** : BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-600 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>YES<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS** : BPSC<space> YES <space> PIN লিখে send করুন 16222 নম্বরে।

Example : BPSC YES (8 digit number) send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**বিশেষ দ্রষ্টব্য :** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮. **প্রবেশপত্র (Admit Card) :**

৮.১ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

৮.২ বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা/প্রশিক্ষন/প্রকাশনা এবং বয়সসীমা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit Card পাওয়ার পর একাধিকবার অনলাইন আবেদন ফরম জমা দিতে পারবেন না। **কোন প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক Admit Card গ্রহণ করলে, বিজ্ঞপ্তির ৭ নম্বর কলামে উল্লিখিত সংশ্লিষ্ট বিষয় কোড ব্যতীত ভিন্ন বিষয় কোড দ্বারা রেজিস্ট্রেশন সম্পন্ন করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে বিপিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং এ ধরনের প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

ক্রমশ /০৭

৯. **BPSC Form-5A (Applicant's Copy) প্রাপ্তি ও জমাদান:**

প্রার্থীদের **BPSC Form-5A (Applicant's Copy)** কমিশনের **Web Address: www.bpsc.gov.bd** থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিতে হবে:

৯.১ প্রার্থীকে জমাপ্রদানকৃত সনদ/কাগজপত্রের একটি তালিকা নিজে স্বাক্ষর করে **BPSC Form-5A (Applicant's Copy)** এর সাথে জমা প্রদান করতে হবে।

৯.২ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ/অন্যান্য সনদ প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ০৪ বছর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ০৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ০৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

৯.৩ বয়স প্রমাণের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৯.৪ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি;

৯.৫ আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রমাণক সনদের সত্যায়িত কপি;

৯.৬ উচ্চতর শিক্ষাগত যোগ্যতার (ডিপ্লোমা/এমফিল/এমএস/এমডি ইত্যাদি)সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

**৯.৭ অভিজ্ঞতার সনদ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের স্কেল/গ্রেড, চাকরিতে যোগদান এবং পরিত্যাগের সুস্পষ্ট তারিখসহ মেয়াদ (প্রযোজ্য ক্ষেত্রে এনডোর্সকৃত/পৃষ্ঠাংকনকৃত আর্টিকেল-৪৭ ফরম), চাকরি চলমান থাকলে বিজ্ঞপ্তিতে উল্লিখিত অনলাইন আবেদনপত্র জমাপ্রদানের শেষ তারিখের মধ্যে অর্জিত অভিজ্ঞতা গণনাপূর্বক যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র জমাপ্রদান করতে হবে। ছাড়পত্রের কপি অভিজ্ঞতার সনদ হিসেবে বিবেচিত হবে না।**

**৯.৮ কমিশন সচিবালয়ের ১৫.০২.২০১২ তারিখের ২৩৩ নং অফিস আদেশ অনুযায়ী পিএসসি কর্তৃক গৃহীত বিভিন্ন নন-ক্যাডার পদে নিয়োগের ক্ষেত্রে যে সকল পদে নিয়োগের জন্য অভিজ্ঞতা চাওয়া হয় সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য চাহিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে।**

**৯.৯ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুন ২০২১ তারিখের ১২০ নং স্মারকে প্রদত্ত মতামতের পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর অন্তর্ভুক্ত প্রোগ্রামার ও অন্যান্য উচ্চতর গ্রেডের পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে একই গ্রেডের সমপদে প্রার্থী নির্বাচনকালে অন্যান্য সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থায় কর্মরতদের চাকুরিকালকে সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত প্রযোজ্য ফিডার পদের অভিজ্ঞতা হিসেবে বিবেচনা করা যাবে। তবে উল্লিখিত বিধিমালার অন্তর্ভুক্ত একই পদনামের অভিজ্ঞতা বিবেচিত হবে; একই গ্রেডের ভিন্ন পদনামের অভিজ্ঞতা বিবেচিত হবে না।**

**৯.১০ জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৬.০১.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১২.০২৩.২০২০.০৭ নম্বর স্মারক অনুযায়ী সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর অন্তর্ভুক্ত প্রোগ্রামার ও অন্যান্য উচ্চতর গ্রেডের পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে একই গ্রেডের সমপদে প্রার্থী নির্বাচনকালে প্রকল্পে কর্মরতদের চাকরিকালকে ফিডার পদের অভিজ্ঞতা হিসেবে বিবেচনা করার সুযোগ নেই।**

ক্রমশ/৮

৯.১১ **বিজ্ঞাপিত কোনো পদের অভিজ্ঞতার শর্তে সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা চাওয়া হলে আবেদনকারী প্রার্থীদের উক্ত প্রতিষ্ঠান/সংস্থা সংবিধিবদ্ধ সংস্থা মর্মে কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে। সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান বলতে এমন কর্তৃপক্ষ সংস্থা বা প্রতিষ্ঠান বোঝাবে যার প্রধান প্রধান কার্যাবলী কোনো আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতা সম্পন্ন চুক্তিপত্র দ্বারা অর্পিত।**

৯.১২ প্রকাশনা/চাকুরি জীবনের অর্জিত পেশাগত কৃতিত্ব, সাফল্য বা ঔজ্জ্বল্যের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে);

৯.১৩ জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

৯.১৪ পরীক্ষার প্রবেশপত্রের কপি;

৯.১৫ পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি;

৯.১৬ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

৯.১৭ **অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ অর্থাৎ ৩০.০৪.২০২৪ তারিখের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখ সংবলিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে) রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক/বিভাগীয় প্রধান কতৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।**

১০. রেজিস্ট্রেশনকৃত যেসকল প্রার্থী BPSC Form-5A(Applicant's Copy) কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। BPSC Form-5A(Applicant's Copy) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার পূর্বে BPSC Form-5A(Applicant's Copy)এর সাথে জমা দিতে হবে।

১২. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোন সুযোগ নেই।

১৩. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রেও (BPSC Form-5A) ঠিক সেভাবে লিখতে হবে।

১৪. অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) উল্লিখিত স্থায়ী জেলা সঠিক হতে হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। অনলাইনে পূরণকৃত BPSC Form-5A (Applicant's Copy) এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

১৫. **যেসকল পদের ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি চাওয়া হয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রি অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি গ্রহণযোগ্য হবে না।**

১৬. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৭. এই বিজ্ঞপ্তিতে যেসকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্রের (BPSC Form-5A) কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লেখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৮. প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১(এক) সেট BPSC Form-5A(Applicant's Copy) অনুচ্ছেদ ৯ এ বর্ণিত কাগজপত্রসহ স্বাক্ষরিত তালিকা জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।

ক্রমশ/৯

১৯. শিক্ষাগত যোগ্যতার সকল মূল অথবা সাময়িক সনদ, অভিজ্ঞতা সনদের মূলকপি (প্রযোজ্য ক্ষেত্রে), প্রবেশপত্র, BPSC Form-5A (Applicant's Copy), উচ্চতর শিক্ষাগত যোগ্যতার ডিপ্লোমা/ এমফিল/এমএস/এমডি ইত্যাদি) সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকাশনা/চাকুরি জীবনের অর্জিত পেশাগত কৃতিত্ব, সাফল্য বা ঔজ্জ্বল্যের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় পরিচয়পত্র (NID) সহ সকল প্রয়োজনীয় কাগজপত্র/ডকুমেন্টস্/তথ্যাদি অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/ আধাসরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে ছাড়পত্রের ফরমে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষর গ্রহণ করে এর মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোনো সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। **প্রার্থীর দেয়া তথ্যের ভিত্তিতেই অনলাইন থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্র স্বয়ংক্রিয়ভাবে পাওয়া যাবে। এ প্রবেশপত্রকে কোন অবস্থাতেই কমিশন কর্তৃক যাচাই-বাছাইকৃত যোগ্যতা সম্পন্ন প্রার্থীর প্রমাণক হিসেবে আদালতে/অন্য কোথাও পেশ করা যাবে না/দাবি করা যাবে না।**

২০. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বিপিএসসি'র ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট করতে হবে। এছাড়া কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালীন সময়ে **৫৫০০৬৮৩৪** এবং **৫৫০০৬৬৫৬** টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

২১. নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে বা যৌক্তিক কারণে পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

২২. **কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর : প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোনো একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবলমাত্র ঢাকায় অনুষ্ঠিত হবে।**

২৩. **বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।**

২৪. ১০.০১.২০২৪ তারিখে জারিকৃত ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৪৬.১৭-৪২ নম্বর অফিস আদেশে **নন-ক্যাডার পরীক্ষা নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ৪.১ অনুসরণে প্রার্থী ও পদের সংখ্যা নির্বিশেষে এবং জরুরি প্রয়োজনে কমিশন তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক কমিশন কর্তৃক পুনর্নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ পরীক্ষা সম্পন্ন করতে পারবেন।**

২৫. আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএস এর মাধ্যমে ফি জমাদান এবং প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলি এবং অন্যান্য পালনীয় বিষয়সমূহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web Address: www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

**শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

৩১.৩.২০২৪

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]

নং-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.২৪-৫৫

তারিখ : ৩১.০৩.২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :-**

০১. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ......................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
০২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট এবং জাতীয় তথ্য বাতায়ন www.bangladesh.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
০৩. উপসচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট)/পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. উপপরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/রংপুর/ময়মনসিংহ)।
০৭. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০৮. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার/ক্যাডার) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. অভ্যর্থনা /নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১১. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

**যে কোনো ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

৩১.০৩.২০২৪
[মোঃ শাহআলম মিঞা]
পরিচালক [নন-ক্যাডার পরীক্ষা শাখা]